KHUDIRAM BOSE CENTRAL COLLEGE

# EDUCATUM

(A Web Wall Magazine) Academic Session – 2019-20

## DEPARTMENT OF EDUCATION

2020

71/2A, BIDHAN SARANI. KOLKATA -06
WWW.KHUDIRAMBOSECENTRALCOLLEGE.COM

# THEME

# "PANDEMIC AND LOCKDOWN – THE POSITIVE AND NEGATIVE ASPECTS" অতিমারী এবং লকডাউন : ভালো ও মন্দ দিকগুলি।

**Principal's Desk**

Unavoidable and inevitable suffering and death make our life measurable. This is why we should learn the art or science of happy and deathless living. Learning the ways and means - art and science of a meaningful living is 'education'.

I am very glad to know that the Department of Education have been able to bring out the 7th issue of 'EDUCATUM'. Due to pandemic situation all over the world, the department has decided to publish the magazine in web-version. Hope later it will take it's original form. The theme of the issue is ''Pandemic and lockdown – the positive and negative aspects", which is very much relevant and today's context.

The magazine has become enriched by the valuable presentation related to this issue by some intelligent students. Like earlier issues, the 'EDUCATUM' should surely cover some photographs/pictures drawn or collected by the students. I do hope that this will provide nourishment to both intellect and heart.

On this Holy occasion, we extend out heartfelt thanks and gratitude to all students and teachers of the department who have contributed generously for the wall magazine. Everyone who is responsible for this Publication knows very well that he or she has indeed helped a noble cause.

Thanking you all

Dr. Subir Kr. Dutta

(Principal)

# <u>মুখবন্ধ</u>

2011- 12 session এ আমাদের wall magazine এর প্রথম সংস্করণ প্রকাশ পায়। তারপর 2012-13, 2013-14, 2014-15, 2015-16, তে পরপর আমাদের wall ম্যাগাজিনের সংস্করণ প্রকাশ পায়। সেগুলো আমরা টানিয়ে রেখেছিলাম সিঁড়ি দিয়ে উঠতেই। তখন একটা বড় Display Board ছিলো... তাতে, কিন্তু সেই display board নষ্ট হলো আর আমাদের অমূল্য wall ম্যাগাজিন গুলোও নষ্ট হয়ে গেলো। তারপর 2016-17 এবং 2017-18 এই দুই বছর আমরা আমাদের wall ম্যাগাজিনের কোনো সংস্করণ বের করতে পারিনি। পুনরায় 2018-19 session থেকে আমরা আবার আমাদের দেয়াল পত্রিকা প্রকাশ করা শুরু করেছি। আশা রাখছি, আগামী প্রতিটা বছর আমরা আমাদের দেয়াল পত্রিকা বের করবো।আমাদের wall magazine এর নাম 'EDUCATUM' অর্থাৎ নিষ্কাশন করা বা বের করে আনা। শিক্ষার্থীদের মধ্যে যে সুপ্ত সম্ভাবনা আছে, তা বের করে আনাই হলো শিক্ষার কাজ। স্বামী বিবেকানন্দের কথায় -*"Education is the manifestation of perfection already in man".* শিক্ষার্থীদের সৃজনশীলতা, কল্পনা, অনুভূতির বহিঃপ্রকাশ হলো আমাদের এই wall magazine l


প্রত্যেক বার আমরা একটা theme নিয়ে magazine বের করে থাকি। এবার আমরা এক ভয়ঙ্কর সময়ের মধ্যে দিয়ে যাচ্ছি। 'করোনা'র প্রকোপে অতিমারী সারা বিশ্বে। জনজীবন রুদ্ধ। আমরা হটাৎ করে এক অন্য জীবনের মধ্যে ঢুকে পড়েছি যেন। লকডাউন। আমরা সকলে যে যার ঘরে। আত্মীয়রা বা বন্ধুরা কেউ বাড়িতে আসুক, আমরা চাইছি না। আচ্ছা, এই সময় আমরা কি ভাবছি।। আমাদের মনের অবস্থাটা ঠিক কি? এই অনিশ্চয়তা কি আমরা কাটিয়ে উঠতে পারছি? নাকি কেউ পারছি না। নিজের খুব কাছের মানুষ যখন আক্রান্ত হচ্ছে আমরা কি ভাবছি। এই ভাবনাগুলো লিখে ফেলাই হলো এবারের আমাদের wall magazine (Session 2019-20) এর উদ্দেশ্য।।

Dalia Pramanik

Sheuli Biswas Adhikary

Santu Kar

# POSTER




**Archit Pramanik, Roll – 2020, Education General, 4th Semester.**





**Shreyasi Joardar, Roll No – 2007, Education General, 4th Semester.**





**Preety Saha . Roll No – 503, Education Hons, 4th Semester**


Apurba Naskar Roll No – 501, Education Hons, 4th Semester




Apurba Naskar Roll No – 501, Education Hons, 4th Semester




**Arima Koley,Roll No – 504, Education Hons, 4th Semester**




**Roshni Mishra ,Roll No – 523, Education Hons,3rd Year**




**Sunny Dhar, Roll No – 519, Education Hons, 4th Semester**

লকডাউন

যাদের হাড়িতে ভাত চড়ে না রোজ,
তারা জানে লকডাউনের মানে

বাচ্চা কাঁধে একটু ঠিকানার খোঁজ,
সে জানে লকডাউনের মানে

তোমার আমার মাংস - ভাত
মাখন জবজবে, কোয়ারান্টাইনের হাত,
বুঝবে কি সে লকডাউনের মানে?

তোমার আমার দামি মাস্ক
মাল মজুত রাখা রোজকার টাস্ক,
বুঝবে কি সে লকডাউনের মানে?

**(Moumita Santra, Roll No – 525 Education Hons 4th Semester )**

# 2020

---

কলের কলকাতা আর ব্যস্ত পৃথিবী আজ বন্ধ ;

দূষণের হয়েছে শেষ , চলছে আবার পুরনো সেই ছন্দ।

আটক পড়েছে কত ব্যস্ততা চার দেওয়ালের ছায়ায় -

জন্তু আর মানুষের ব্যবধান আজ মিটেছে এ মায়ায়

মানুষ হেসেছিলো জন্তু দেখে চিড়িয়াখানার খাঁচায়

করোনা এসেছে জন্তু হেসেছে মানুষকে কে বাঁচায় ?

কত ধোঁয়া আর পরিবেশ দূষণ সকলই হেরেছে আজ !

কত শ্রমিক আর মজুর ভাইয়ের নষ্ট হয়েছে কাজ।

বন্ধ দোকান, বন্ধ বাজার, বন্ধ বহন, বন্ধ রেল

পৃথিবীকে বাঁচানোর জন্য প্রকৃতি দেখাচ্ছে তার খেল।

মানুষ তুমি অনেক বড়, কিন্তু তুমি পাচ্ছো ভয়!

ছোট্ট যাদের ভেবেছো তুমি তাদের কাজ ছোট্ট নয়।

মানুষ তুমি পৃথিবীর রাজা, কিন্তু প্রকৃতি তোমার নয় -

কিছু প্রতিরোধ তোমা রুদ্ধে প্রকৃতিকেও করতে হয়।

**Ankit Banik, Roll No – 110, Education General 4th Semester**

Sometimes the sky remains blue

Hoping people to get some clue,

About the origin of this disease

And how carelessly did it release.

Trees with empty birds,

Horns can no more heard;

Empty beds are seen rare

People are fighting with dare.

Sometimes the sky remains black

Countries are suffering with lacks,

Torturing are still going on the darks

May we all get healed up by the larks.

Doors with no ting-tong

We are depressing too long,

Letter boxes with empty mails

We have no where to sails.

Sometimes the sky remains red

Vaccines can't instantly made;

Though doctors are giving us hopes,

Cowards get hanged by the ropes

Everyday we see thousands cases

On how instantly the virus chases,

People are dying with fears

Draining their last drop of tears.

People are seen with masks

With no more tasks;

Countries' economy are falling down

With the rise in security in the town.

We shall continue our fight

Only then we may notice the light.

May traders again begin their deals

May we again enjoy our meals.

**<u>Debojyoti Das, Roll No – 219, Education General 4th Semester</u>**

# LOCKDOWN:POSITIVE AND NEGATIVE IMPACTS

POSITIVE IMPACTS:-The lockdown rules are quite uncomfortable for many people, but a lot of positive effects have occurred because of it.

1. The lockdown has created positive impact on the environment. The pollution has reduced and rivers have become clean Mountains like the great Himalayas can now be seen from long distances too.
2. We humans have got some time to rest and be free our busy schedule.
3. We can spend quality time with our family members and get to know each other more.
4. Students have got rest from studies. They can now engage in some hobbies or learn new things.
5. We have learnt to help each other. Many people and organizations have come forward to help the poor who don't have enough money to purchase food or other requirements.

NEGATIVE IMPACTS:-The positive effects abreast some negative effects have occurred.

1. Many people will loosen their jobs because of lockdown. This will have negative impact on the country's economy. Many businesses will also suffer huge losses because of it.
2. Ever though agricultural activities are not halted during lockdown, many farmers have suffered losses because there is no good market available

for fruits, flowers, vegetables etc. People do want to purchase the agricultural products but lockdown has become a barrier.

3. Many migrant workers reached their villages by walking as transport was not available. Such migrant workers had to face a lot of difficulties like back of food and water. Some lost their lives while travelling.
4. Small children are not able to step out of their houses. They need a good amount of physical activity everyday for good health. But lockdown is stopping them from playing outdoors. They are not even able to go to schools.
5. People are not able to socialize. Because parties and functions can't be organised during lockdown, people are not able to meet family and friend.

So lockdown affects both side good and bad in our life. The only cure to all this is a cure to the corona virus disease.




**Sumana Roy, <u>Roll No – 513 Education Hons 4th Semester</u>**

## How Lockdown effect in our life

- **Positive effect**

  In this year lockdown has totally change our life properly. It has affected us in all aspects. There are positive effect are given below –

  - ❖ Self care / spend a lot of time with family

    Self care is most important. We have forgotten to take care of ourselves, but this lockdown given so much enough time so that we can easily to do work on ourselves. So Meditate regularly, it can help us to focus on our work, it is good for health. It is time to make a strong bond with our family. Families also have more time to do fun also have more time to do fun together like play board games, cook meals, do arts and much more thing. This time together is great way to relief stress and spend a lot of quality time with our family.

  - ❖ Eating healthy food cooked at home

    So many restaurants are closed and delivery is stopped. So we can stuck at home, as a result more of us eating cooked food in our home. Home coocking are usely less oil, good ingredient and fresh vegetables it is also good for our health it can be improved our immunity system.

  - ❖ We are getting sufficient sleep

    As a result of lockdown we can sleep properly very well. So that we rest our body and we should all get 8 hour sleep everyday. It can improved our energy and we can focus on any work.

- **Negative effect**

  There are negative effect are given below-

  - ❖ Economy loss

    The economy impact it has been totally destroyed. The marketing and the business it run loss. The Corona Virus Pandemic result has a large number of human living being lost. This lockdown makes the great depression far worse than the global financial crisis.

  - ❖ Suffering People

Lots of people are suffering. They are facing so many problems like – so many people depressed, they could not come home because the train is completely closed so that they can't reach, lack of money as a result many people are suffering and so many different causes are there.

❖ Effect in Education System

As a result of lockdown so much effected our education system. All the examinations are suspended. In this causes student are suffering and they face so many troubles. In terms of education they are fall behind.

So lockdown has effected the both side good or bad, so that we learned to aware in future.



লকডাউনের ভালো মন্দ আমাদের জীবনে?

||"লকডাউন" শব্দটি ছোট হলেও এর প্রভাব আমাদের প্রত্যেকের জীবনে পড়েছে কারো কম কারো বেশি। থমকে গেছে আমাদের চলমান জগৎটা, থেমে গেছে আমাদের রোজকার জীবন পদ্বতি। কি অবাক তাই না ? ঘরবন্ধী থেকেও যে লড়াই করা যায় সেইটা আমরা জানে ও পারতাম না কোনো দিন যদি না লকডাউন পড়তো।
এই লকডাউন প্রভাবে আমাদের জীবনে ঘটে গেছে আমূল পরিবর্তন। আমরা প্রতি নিয়ত বেচেঁ থাকার লড়াই করে চলেছি ক্রমাগত। আমার মনে হয় আমরা কোরনার সাথে না প্রতিনিয়ত প্রতিনিয়ত আমাদের একাকীত্বের সাথে লড়াই করে চলেছি।
তাহলে আমাদের মনে এখন একটায় প্রশ্ন সময়টা কি সবটুকু খারাপ তাহলে?
আমার মনে হয় গৃহবন্দী দশা কিংবা লকডাউন আমাদের মধ্যে সবটুকু খারাপ না নিয়ে আসলেও খারাপের ছাপই লক্ষনীয় ও হয়ে এসেছে।

এই সময় টা কি আমাদের কাছে সবটুকুই খারাপ?
না হয়তো তা নয় কিছুটা ভালোর ছাপ ও বর্তমান।
এইসময় আমাদের কাছে মৃত্যুর খবর প্রতি নিয়ত মৃত্যু খবর এলেও এই সময় আমাদের শিখিয়ে অনেক কিছুই।
যেমন-
ক.আমরা শিখেছি মানুষের মূল্য বুঝতে শিখিয়েছে
খ.মা, বাবার সাথে সময় কাটাতে তাদের ভালোমন্দ খেয়াল রাখতে শিখিয়েছে।
গ. আমরা পেয়েছি নিজেকে জানার সময়, নিজেকে ভালো রাখতে শিখিয়ে ভালোবাসতে ও শিখিয়েছে।
ঘ.আমরা মানুষের পাশে দাড়াঁতে ও শিখেছি।
ঙ. আমরা বুঝিয়েছে ভালোবাসার গুরুত্ব।
চ .আমরা জেনেছি কঠিন সময় কেবল মাত্র পরিবার পাশে থাকে অন্য কেউ না ।
ছ. আমরা জেনেছি কাছের মানুষের জন্য অপেক্ষার মানে।

---

কারন -
(ক) যত মানুষ পরিবেশ পরিস্থতির সাথে একা লড়াই করবে ততই মানুষিক ভাবে অবসন্ন হয়ে পড়বে।
(খ) এই লকডাউনের ফলে কর্মজীবনে এসেছে আমূল পরিবর্তন।

(গ) যানবাহন বন্ধ থাকার কারণে অনেক মানুষ তাদের ঘরের মানুষের কাছে বহু দিন পৌছাতে পারেনি।

(ঘ) শিক্ষা ব্যবস্থায় পরিবর্তন লক্ষনীয় সবার কাছে স্মার্ট ফোন না থাকায় সকলে সম্মান ভাবে শিক্ষা নিতে পারেনি।

(ঙ) এই লকডাউনে আমরা মৃত্যু খবরে অভ্যস্ত হয়েছি প্রতিনিয়ত।

(চ)কাছের মানুষকে শেষ বারের মতো না দেখতে পাওয়া আমাদের জীবনের তালিকা ভুক্ত হয়ে গেছিলো।

(ছ) এই লকডাউনে জন্য অনেক মানুষ না খেতে পেয়ে নিজেরাই মৃত্যু বরন করছে।

এই লকডাউন আমাদের দিয়েছে মৃত্যু সহ্য করার এক অসীমক্ষমতা।

জ. আমরা জেনেছি মায়ের হাতের রান্নার স্বাদ পৃথিবীর সব স্বাদকে হার মানায়।
ঝ. আমরা দেখেছি বহু বছরের ফুরিয়ে সম্পর্কের প্রান দান।
ঞ. আমার শিল্পের ও শিল্পীর গুরুত্ব দিতে শিখেছি কারন এখান বাড়িতে বসে অনেক মানুষ জনই তাদের সুপ্ত প্রতিভা বিকাশ ঘটিয়েছে আমারও জানতে পেরেছি আমাদের বাংলায় অনেক প্রতিভাবই শুধু মাত্র টাকার ক্ষমতা না থাকার জন্য বাইরে আসতে পারিনি....
_ সুতরাং আমরা বলতেই পারি লকডাউন আমাদের জীবনে সবটুকু খারাপের ছাপ ফেলেনি কিছু টা ভালোর ছাপ ও রেখে গেছে।।

#প্রিয়ষ্মা মন্ডল....

Clg Roll-528 10:06 am

---

**Priyashma Mondal,Roll No– 528 Education Hons 4th Semester**

## ***COVID - 19***

### ***নেতিবাচক প্রভাব***

করোনা শুধু যে মানুষের প্রাণ কেড়ে নিচ্ছে তা নয়, করোনার জন্য বিশ্ব অর্থনীতিতেও ব্যাপক প্রভাব পড়েছে। এই করোনায় মানুষ খুবই অসহায় এবং মৃত্যুর সাথে প্রতিনিয়ত প্রতিমুহূর্তে লড়াই করে চলেছে। আমাদের দেশের অসহায় নিম্নবিত্ত ও মধ্যবিত্ত পরিবারের মানুষকে তাদের নিজেদের কাজ থেকে বিরত থাকার ফলে প্রতিদিনের খাদ্য জোগাড়ের জন্য বিভিন্ন চিন্তা ও সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। শুধু খাদ্যই নয়, এমন অনেক পরিবার আছে যাদের পরিবারে কোন অসুস্থ সদস্য আছেন তার ঔষধ ও চিকিৎসার জন্য দুশ্চিন্তার মধ্যে থাকতে হচ্ছে তার পরিবারকে। এই করনা ভাইরাসের ফলে আমাদের ছাত্র সমাজেরও অবনতি ঘটছে, কারণ - প্রত্যেকটি স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় বা অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানগুলো বন্ধ, তারাও আজ শিক্ষাদান করতে পারছেনা শুধুমাত্র করোনার ফলে। অন্যদিকে বিশ্বব্যাপী কোয়ারেন্টাইন ব্যবস্থার জন্য মানুষ তাদের বাড়িতে সীমাবদ্ধ রয়েছে। আমাদের বাড়ির চারপাশের প্রাণীর ওপরেও যথেষ্ট প্রভাব পড়ছে এবং মৃত্যুর মুখে এগিয়ে যাচ্ছে তারা। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল - এই করোনার ফলে বহু মানুষ মারা গেছেন। অনেকের পরিবার তাদের কাছের মানুষকে হারিয়ে ফেলেছে এবং সাথে সাথে বেকারত্বও বাড়িয়েছে এই অতিমারী।

### ***ইতিবাচক প্রভাব***

করোনা ভাইরাসের শুধু নেতিবাচক দিক নেই, করোনা ভাইরাসের কিছু ইতিবাচক দিকও রয়েছে। যার প্রভাব পরিবেশে লক্ষ্য করা যায়। বিশ্বের বহু শহর লকডাউন থাকায় ব্যস্ততম জায়গাগুলো এবং পর্যটন কেন্দ্রগুলো বন্ধ হয়ে গিয়েছে। কলকারখানা ও যানবাহন বন্ধ হয়ে যাওয়াতে বিদ্যুৎ, গ্যাস ও তেলের জ্বালানি হ্রাস পেয়েছে এবং চাহিদা কমেছে, যার ফলে বায়ু ও জল দূষণ কমতে শুরু করেছে। শহরগুলোতে কার্বন-ডাই-অক্সাইড ও নাইট্রোজেন ডাই অক্সাইড নির্গমন অনেকাংশে কমেছে। সাগর, নদী ও লেকের জল অনেক স্বচ্ছ হয়েছে, যা জলজ প্রাণীর জন্য সুবিধাজনক। তাছাড়া ইঞ্জিন চালিত নৌকার জ্বালানির ফলে সৃষ্ট পোড়াতেলের মাধ্যমে জল দূষিত হচ্ছে না। এইসব হচ্ছে করোনাভাইরাস এর ইতিবাচক প্রভাব।

**<u>সচেতনতা</u>** - সমাজের মানুষের কাছে যাওয়ার পূর্বে অবশ্যই ব্যক্তিগত সুরক্ষা নিশ্চিত করতে হবে। সেই সাথে পরিবেশের দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। সুস্থ পরিবেশ মানব জীবনের জন্য অপরিহার্য।










**Sulekha Sardar, Roll No – 518, Education Hons 4th Semester**

**<u>করোনা ও মানব সভ্যতা</u>**

বর্তমানে সমগ্র বিশ্বে ***COVID-19*** নামক ভাইরাসটি যে মহামারী রূপ নিয়েছে, তাতে সমগ্র মানব সভ্যতা আজ ধ্বংসের মুখে। করোনা ভাইরাস সক্ষম হয়েছে মানব সভ্যতাকে অচল করে দিতে, সক্ষম হয়েছে সেই গৌরবকে খন্ডন করতে, যার ভিত্তিতে আমরা সবাই নিজেদেরকে পৃথিবীর শ্রেষ্ঠ প্রাণী হিসেবে পরিচয় দিয়ে নিজেদের কূলকে শ্রেষ্ঠ বলে বিবেচনা করতাম। মানব জাতি আজ উপলব্ধি করতে পেরেছে যে তাদের শ্রেষ্ঠ প্রাণী হিসেবে পরিচয় দেওয়ার মতো গৌরব আজ বিলুপ্তির পথে। প্রযুক্তিনির্ভর শ্রেষ্ঠ কূল-সম্পন্ন মানব সভ্যতা আজ অক্ষম, ক্ষুদ্রতম ভাইরাসটির ভ্যাকসিন আবিষ্কার করতে। আমেরিকা থেকে শুরু করে রাশিয়া, লন্ডন এমনকি ভারতবর্ষ পর্যন্ত পারেনি করোনার প্রকোপকে প্রতিরোধ করতে। সমগ্র বিশ্বের **<u>G.D.P</u>** বর্তমানেনিম্নমুখী। স্বাস্থ্যব্যবস্থার অক্ষম দিকগুলি আজ আমাদের কাছে পরিষ্কার। বড় বড় নামজাদা আন্তর্জাতিক কোম্পানি গুলি বর্তমানে বিনিয়োগের বিপরীতে চলা শুরু করেছে। যারা বলতো we live in a best country, তারা আজ পর্দার আড়ালে মুখ লুকিয়ে আছে। কিছু সভ্য জাতি করোনা কে নিয়ে এই মহামারীর সময়ে মানুষের পাশে দাঁড়ানোর নামে রাজনীতির খেলা চালিয়ে যাচ্ছে। করোনা মহামারী আমাদের শ্রেষ্ঠ মানব সভ্যতাকে চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিয়েছে আমাদের অক্ষমতা গুলিকে।

করোনা মহামারী আমাদের অনেক কিছু শিখিয়েছে,- কেমনভাবে প্রযুক্তিকে কাজে লাগিয়ে মানব সভ্যতা এই মহামারীর প্রকোপেও বুক চিতিয়ে লড়াই করছে আর এগিয়ে চলেছে ভবিষ্যতের দিকে। করোনা অর্থাৎ ***COVID-19*** আমাদের শিখিয়েছে ধৈর্য ধরতে। আমরা সভ্য মানব সমাজ এখন জানি ধৈর্য ধরে করোনার মোকাবিলা করলে শেষ হাসি আমরাই - শ্রেষ্ঠ কূল-সম্পন্ন মানব সভ্যতাই হাসবে। one who know how to survive , he/she became unconquered ...

কবি জীবনানন্দ দাশ তাই লিখে গেছেন –

***" আমাদের দেখা হোক মহামারী শেষে***

***আমাদের দেখা হোক বিজয়ীর বেশে".***

মানব সভ্যতা অপরাজিত আর ভবিষ্যতেও অপরাজিতর মহিমা বারবার ফিরে আসুক।

**Soumyadeep Bhattacharya, <u>Roll No – 2006, Education General 4th Semester</u>**

## COVID – 19 : What I feel

I am Sanchari Das, writing in this quarantine about how I feel. This Pandemic is like a Nightmare for all of us; day by day the situation is going out of control. Everyday there are new covid cases and deaths had been reported. Beside this, many people lost their job and suffering a lot. After all these difficulties, we are trying our best to fight with this miniature giant. In this lockdown I am facing so much mental anxiety by thinking about the future and my career. The University has postponed our exams and being a student it triggers me a lot. But whenever I am thinking of those people who are unable to arrange some or shelter, I thank God and my parents. I can't do anything for those people except praying for them. I saw my father; every day he gives me strength mentally to overcome my fear. I am trying to improve myself and my surrounding. Some friends of my locality and I started a fund, we are donating one Rupee per day and trying to help those who needs our help. Stay safe and read books.

**Sanchari Das, Roll No–225, Education General 4th Semester**

## অতিমারী ও আমার ভাবনা

আমি সুরিচিতা সাহা, এই মহামারী সম্পর্কে আমি আমার মতামত জানালাম। বেশিরভাগ বিশেষজ্ঞ, সাংবাদিক এবং রাজনীতিবিদ এই মহামারীর অর্থনৈতিক ও আর্থিক দিকে আলোকপাত করে। প্রধান প্রধান বহুজাতিক কোম্পানি সমূহ আর্থিক সংস্থা গুলোর জন্যই নয় বরং আমাদের মানে সারা বিশ্বের সকল প্রান্তের সাধারণ মানুষের জন্যও এটি একটি মৌলিক প্রশ্ন। এটি আজ স্পষ্ট যে, বহু মানুষের জীবন বিভাজিত হয়ে যাবে এই অতিমারীর আগের এবং পরের সময়ের মধ্যে। কাউকে কাউকে হয়তো তাদের ভ্রমণের অভ্যাস ত্যাগ করতে হবে, কেউ আর হয়তো নিজের পুরনো ব্যবসার উত্থানে সক্ষম হবে না এবং কাউকে কাউকে হয়ত পুরনো পেশায় ফিরে গিয়ে পতনের ঝুঁকি দ্বারা তাড়িত হতে হবে বা = নতুন পেশা খুঁজে নিতে হবে। তবুও রাজনৈতিক অথবা রাজনৈতিক মনস্তাত্ত্বিক পরিণতির কথা আমাদের ভুলে যাওয়া উচিত হবে না। যেগুলো উল্লেখযোগ্য নয়, কিন্তু কম গুরুত্বপূর্ণ নয়, না আমাদের না তাদের জন্য। আজকের বিশ্বের রাজনৈতিক প্রবণতা ও আবেগের সূচকসমূহ ততটা ভীতিকর যতটা বিশ্বের অর্থনৈতিক প্রবণতা সমূহ। করোনাভাইরাস মানব জাতির উপর যে পরীক্ষা নিয়েছে তার প্রাথমিক ফলাফল ভয়ঙ্কর। তবে ইতিহাসে দেখি সকল মহামারী কোন না কোন ভাবে শেষ হয়েছে। দ্রুত হোক বা দেরি করেই হোক, এই করোনা ভাইরাস সারাবিশ্বেই নিয়ন্ত্রণে আসবে। যাহোক অতীত মহামারীর থেকে প্রাপ্ত শিক্ষা আমাদের এই বলে যে এই বর্তমানের অতিমারী একদিন নিশ্চয়ই শেষ হবে। তাই সবশেষে বলি সবাই বাড়িতে থাকুন সুস্থ থাকুন এবং আনন্দে থাকুন

**Surichita Saha, Roll No–840, Education General 4th Semester**

**করোনার সাথে সাথেই আমফানের প্রকোপ: হেনস্থা,সাধারণ মানুষ** ;

ফেব্রুয়ারি মাস থেকেই আমাদের দেশে হঠাৎ করেই শুরু হয় করোনার অত্যাচার। ফলে গোটা দেশ জুড়ে সরকার লকডাউনের ঘোষণা করে। এই মহামারী আজ এত ভয়াবহ রূপ ধারণ করেছে যে সমগ্র বিশ্বকে তোলপাড় করে দিচ্ছে। এই মারণ ভাইরাসের বিরুদ্ধে সবাই প্রতিনিয়ত লড়াই করে চলেছে, সাধারণ মানুষ ঘরে বসে লড়ছে আর ডাক্তার ও পুলিশ আমাদেরই রক্ষার্থে লড়ছে দিনরাত। তো এমনই সংকট পূর্ণ অবস্থার মধ্যে প্রকৃতি ঘৃতাহুতি অগ্নিসম আমফানের সৃষ্টি করলেন যাতে সাধারণ মানুষ আর পদপিষ্ট হতে পারে। মে মাসের 20 তারিখ দিনটা ছিল বুধবার আমি অবশ্য তখন গ্রামেই ছিলাম, নচেত্ এমন দৃশ্য কাল্পনিক ভাবে তুলে ধরাটা অসম্ভব। সকাল থেকেই আকাশ টা কেমন মেঘলা করেই ছিল তবে এর আগে খবরে শুনেছিলাম যে একটা ঝড় আসতে চলেছে, তাই সেই দিনটা আর পাড়াতে আড্ডা মারতে বেরালাম না।

সকাল থেকেই দাদু দিদার সাথে নানান কাজে হাত লাগাচ্ছিলাম। এরপর দুপুরে খাবার সময় দাদুর কাছে বললাম ঝড়টা নিশ্চয়ই আয়লার মতো ভয়াবহ রূপ ধারণ করবে না, কারন আয়লায় যা বিধ্বংস দেখেছিলাম তা নিশ্চয়ই সবার অবগত। দাদু অবশ্য খানিক হেসে বলল, উনি যা চায় তাই ই হয় বেশি ধ্বংস হবে কি কম তা কেবল সেই জানে। দুপুরের খাবার শেষ করে উঠলাম তখন ঘড়িতে প্রায় 3:10 ,হাওয়ার গতিবেগ তখন থেকেই কেমন যেন এক কুবার্তা দিচ্ছিল। অন্যদিনের তুলনায় এই দিন যেন খুব তাড়াতাড়ি সন্ধ্যা নেমে এসেছিল চারি দিকে কেবল নিস্তব্ধতা ,শুধু বাতাসের গর্জন যেন কানে বাজ্জে, এই দিন দিদা আর সন্ধ্যাবাতি দিতে পারলো না, কেবল ভয়ে সন্ত্রস্ত হয়ে বসেছিল। হয়তো সেই দিনটা সকলের বাড়ির পরিস্থিতি একই ছিল। সন্ধ্যা অতিক্রম করে রাত হল ঝড়ের গতিবেগও প্রবল বাড়লো । আমাদের মাটির বাড়ি কেমন যেন দুলতে আরম্ভ করল। এতক্ষণ সন্তর্পণে বেশ ছিলাম, কিন্তু আর পারলাম না। হঠাৎ পাশের বাড়ির এক মাসি তার ছেলে ও মেয়েকে নিয়ে আমাদের ঔ মাটির বাড়িতে এসে হাজির হয়, আমার দিদিমা খুব ভয়ের সুরে জিজ্ঞাসা, ও মেয়ে কি হয়েছে রে ঘরদোর সব ঠিক আছে তো? আমি ততক্ষণে বুঝে গেছি যে মাসিদের ঘর আর নেই একেই টিনের চাল সহ বেড়া ঘর তার উপর পবনদেবের এমন তাণ্ডব, আর ঠিক থাকে ....। ঘড়িতে তখন 6:45 হঠাৎ পাশের বাড়ির পুঁচকেদের আওয়াজ শোনা গেল ওর মা, ও ঠাকুর ও ভগবান বলে চিৎকার করছে, আমি ও আমার দাদু ঠাওর করলাম যে ওদের ঘরটাও গেল। আমাদের পাড়াতে কেবল দুজন লোকের ঘর পাকার, এর আগের বারের যত ঝড় হয়েছে তাতে আমাদের পাড়ার অনেক লোকই ওদের বাড়িতে গিয়ে আশ্রয় নিয়েছে, কিন্তু এবার যে আর সেই উপায় ছিল না কারন একমাত্র করোনার জন্য, তার উপর আবার লকডাউন। তাই উভয়সংকট পূর্ণ অবস্থার কথা মাথায় রেখে প্রায় মানুষ ঘরে বসেই বিপর্যয়ের সম্মুখীন হচ্ছিল। এমতাবস্থায় হঠাৎ করে মড়মড় শব্দে গাছ ভাঙার আওয়াজ শোনা গেল, আর বুকের ভেতর খুব জোর ধড়াসধড়াস করতে লাগলো , হয়তো সেই দিনটা সকলেরই বুক অমন ধড়াসধড়াস ই হচ্ছিল। এই ভাবে আরো কিছু সময় কেটে গেল, কত শত গাছ যে মড়মড় করে পড়তে লাগল তা স্বচক্ষে না দেখলে বিশ্বাস করা যায় না।একটা গাছ তো প্রায় আমাদের ঘরের উপর পড়ে পড়ে, আমার দিদিমা আর চুপ করে বসে থাকতে পারলো না, চোখের সামনে যেন মৃত্যু এসে লাফালাফি করছে এই দৃশ্য দেখে কান্নার সুরে শুধু ভগবানকে ডেকে চলেছে কিন্তু সেই দিন ভগবান ও মনে হয় নির্দয় ও পাশান হয়ে সমস্ত দৃশ্য উপভোগ করিতেছিলেন। আমার দাদু আবার হাইপ্রেসারের রুগি তাই আমি ভাবলাম কোনো রকম ঝুঁকি না নিয়ে আগে থেকেই কোনো নিরাপদ আশ্রয় গেলেই ভালো হয়,করোনা থাক আর যাই থাক এ যাত্রা তো কারুর আশ্রয়ে বাঁচি। এই সব ভাবতে না ভাবতেই হঠাৎ গ্রামবাসির চিৎকার শোনা যায়--মানস এসে খবর দেয় নদীর বাঁধ ভেঙেছে। আর চুপ করে না বসে থেকে তাড়াতাড়ি দরকারি কিছু কাগজপত্র গুছিয়ে নিয়ে দাদু দিদার হাত ধরে নিরাপদ আশ্রয়ের উদ্দেশ্যে রওনা দিলাম, হরিপদ বাওয়ালি,পাড়ায় তারই দুইতালা বাড়ি

সেখানে কোনো রকম পৌঁছে দেখি গ্রামের অনেক লোকই সেখানে আশ্রয় নিয়েছে, আর সকলের চোখে আমি এক অদ্ভুত হতাশা আর সর্বস্ব হারানোর ছায়া লক্ষ্য করলাম, কারুর মুখে কোনো সাড়া নেই।গরু, বাছুর, ছাগল,ভেড়া, হাঁস, মুরগি সব ই এক ছাদে সেই দিন দেখে আমি সত্যিই ভেবেছিলাম যে প্রান যখন সংকটে পড়ে তখন সবার পরিস্থিতি একই হয়।এমনি করে প্রায় ঘন্টা খানেক কেটে যায়, মোবাইলটা সাথে ছিল বলে প্রতিটা মুহূর্তের সময় জানতে পেরেছিলাম,কিন্তু কারুর সাথে যোগাযোগ করতে পারিনি। এই ঝড়ে নেটওয়ার্কেও উড়িয়ে নিয়েগেছিল।

রাতের অন্ধকারে সকলে নিস্তব্ধে শুধু সর্বনাশী ঝড়ের তাণ্ডব উপলব্ধি করছিল, কারুর ক্ষমতা ছিলনা সেই বিপর্যয়কে রোধ করার। সকলে শুধু বলাবলি করতে লাগল যে এমন ঝড় তারা তাদের বাপের জন্মেও দেখেনি। সেই রাত সকলের কাছে এক অভিশপ্ত রাত হিসাবে আজীবন কাল থেকে যাবে। যাইহোক কোনো রকম রাতটা নিদ্রাহীন চোখে সকলে কাটালো, প্রায় 4:30 নাগাদ পবনদেবে কৃপা বর্ষণ করলেন, হাওয়ার বেগ 190 কি.মি/ঘন্টা থেকে নেমে আনুমানিক 30/40কি.মি/ঘন্টা হল। কোনো রকম ভোর হতে না হতেই সকলে বাহির পানে চেয়ে দেখি এক অদ্ভুত দৃশ্য চারিদিকে শুধু অথই জল আর জল, কোনটা পুকুর কোনটা মাঠ কোনটা রাস্তা কোনটা ঘাট কিছুই ঠাওর করা যাচ্ছিল না। এমতাবস্থায় মানুষ যে কি করবে কিছুই বোঝা যাচ্ছিল না, কারুর ঘর ভেঙেছে কারুর ঘর ডুবেছে কত ধান চাল নষ্ট হয়েছে তা বলে কোনো দিন ব্যাখ্যা করা যাবে না। যাইহোক আমি দাদু দিদাকে নিয়ে কোনো রকম ঘরে ফেরার চেষ্টা করলাম ঘরে ঢুকতেই আগে লক্ষ্য পড়ল ঘরের চালটার দিকে, চাল টা উড়ে গেছে আর দক্ষিণ দিকের একটা দেওয়াল পড়ে গেছে। একটু বাগানের দিকে গিয়ে দেখলাম পাঁচ খানা আম গাছ ভেঙেছে আর গোড়া থেকে দুটো গাছ উপড়ে গেছে। পুকুর সব ডুবে গেছে, নোনা জলের কারনে বেশ কিছু মাছ মরেও গেছে। রাতভর কষ্টের কারণে খিদে অবশ্য একটু পেয়েছিল কিন্তু খিদে মেটানোর উপায় ছিল না, সবই তো জলে ডুবে গেছে রান্না কি উপায় হবে এই বলেই নিজেকে শান্তনা দেওয়া ছাড়া আর কিছুই ছিল না। আশপাশের এলাকাটা বন্ধুদেরসাথে একটু নজরদারি করার জন্য আর ফটো ক্যামেরাবন্দির জন্য বেরালাম এর ই সঙ্গে দুপুরের আহারের ব্যাবস্থা হয় কিনা তাও খোঁজ করতে লাগলাম। কোথাও দেখি প্রকাণ্ড বৃক্ষ উপড়ে কারুর ঘরে পড়ে আছে আবার কারুর ঘরের চাল উড়ে অন্যের ঘরে পড়েছে।এই রকম পরিস্থিতির শিকারগ্রস্ত মানুষ গুলোর লকডাউন ও অতিমারির কথা তখন হয়তো মাথাতেই ছিল না কারুর। সবাই কেবল দুটো আহারের সন্ধানে মত্ত। যাইহোক দুপুরে আমাদের গ্রামবাসীদের জন্য হরিপদ বাবুর বাড়িতে খাবারের আয়োজন করা হল। আমার জীবনে এমন দৃশ্য আমি আগে কোনো দিন দেখিনি আর কোনো দিন দেখতেও চাই না। নদী বাঁধ ভাঙ্গা ও সেখান থেকে জল ঢোকার দৃশ্য ব্যাখ্যা করা হয়তো যায় না। একমাত্র পরিস্থিতির সম্মুখীন যারা করেছে তারাই জানে যে জীবন সংকটে পড়লে কি জ্বালা। যদি এমন লকডাউন বা করোনা ভাইরাসের কোনো উপদ্রব না থাকতো তাহলে হয়তো সাধারণ মানুষের এত সমস্যার মধ্যে পড়তে হত না।

আমফান সম্পর্কিত আমার লেখা তথ্য হয়তো অনেকেই কম। আমাদের গ্রামের থেকে এমন আরো কিছু গ্রাম ছিল যাদের ক্ষয়ক্ষতির হার আরও অনেক বেশি ছিল, আমাদের আহার মিলেছিল কিন্তু তাদের হয়তো বেশ কদিন আহারই মেলেনি। ক্ষয়ক্ষতি যে কত হারে হয়েছিল তা এখনো অপ্রকাশিত।



















**Aritra Biswas, Roll No– , Education Hons 2nd Semester**

## লকডাউন ডাইরি : খাওয়া-দাওয়া

আমি মধুরিমা দাস বর্তমানে আমি একজন ছাত্রী বর্তমানে আমি ক্ষুদিরাম বোস সেন্ট্রাল কলেজের বাংলা বিভাগের পঞ্চমবর্ষের ছাত্রী কিন্তু এখন covid পরিস্থিতিতে সবার মত আমারও খুব মন খারাপ,বহুদিন হলো বাইরের জগতটা দেখিনি কলেজ কলেজে স্যার মেমদের খুব মিস করছি আর সেই আড্ডা বন্ধুদের নিয়ে, কলেজে আমাদের সেই ক্লাস আমাদের ক্লাস রুমটাতে এখন আমরা সবাই ঘরবন্দি। কত মানুষ রয়েছে যারা এই লকডাউনে অনাহারে রয়েছে, আবার তোমরাই দেখো আর এক শ্রেণীর মানুষ যারা বাইরে ঘুরতে না যাওয়ায় খাওয়া-দাওয়া না করার ফলে হাঁপিয়ে উঠেছে। সত্যি কথা বলতে আমরাও মিস করছি হেদুয়ার ফুচকা আইসক্রিম ঝাল মুড়ি উফ বলতে বলতে জিভে জল চলে এলো।

1) সেদিন দুপুরবেলা ঘরে শুয়ে থাকতে থাকতে ফেঁদে ফেললাম একটা ফন্দি। হঠাৎ করে আমি কি মনে হলো চট করে বানিয়ে ফেললাম আলুকাবলি আর আমার সহকারি ছিল আমার মা। খুব সাধারণভাবে আলু কাবলি টা বানিয়েছিলাম বটে প্রথমে -সেদ্ধ আলু কুচি কুচি করে কেটে নিয়েতারমধ্যে পেঁয়াজ কুচি, লঙ্কা, টমেটো, শসা কুচি,দিয়ে তারপর ছোলা সেদ্ধ ও চাট মসলা যা ফ্রিজ এই ছিল। নুন স্বাদ মত আর শেষের লেবুর রস দিয়ে উপরে ঝুরিভাজা দিয়ে বানিয়ে ফেললাম যা ছিল স্বাদে অতুলনীয়। আমার তো দারুণ লাগছিল সাথে বাড়ির সকলেরও এই covid-19 অবস্থা সবাই যেমন মনমরা হয়ে আছে তাতে এসব বাড়িতে ভালো-মন্দ খাবার না বানালে তো আরো মনমরা হয়ে যাবে।

2) এই জানো সেদিন আমি চিকেন বাটার ফ্রাই বানিয়েছিলাম সত্যিই কি সে যে কি অপূর্ব খেতে ছিল।আমিতো ভাবছিলাম একটা দোকানে খুলে ফেলব হাহাহাহা যাগ্গে সেসব বাদ দাও এ বাটারফ্লাই বানানো খুব সহজ এবং খেতেও তেমন অতুলনীয় সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো এটি খুব সহজে তৈরি করা যায়। ফ্রিজ খুলে দেখি ফ্রিজে 200 গ্রাম চিকেন ব্রেস্ট রাখা ছিল। ফ্রিজ থেকে বের করে ছোট ছোট পাতলা করে কেটে নিয়ে তার মধ্যে আদা রসুন বাটা, কাঁচালঙ্কা বাটা, লেবুর রস ও নুন দিয়ে এবং শেষে গোলমরিচের গুঁড়ো দিয়ে খানিকক্ষণ ম্যারিনেট করে রেখে ছিলাম। এই ধরুন 45 মিনিট মত। তারপর অন্য একটি পাত্রে 1কাপ ময়দা, 4 চামচ কনফ্লাওয়ার, একটা ডিম ও মরিচ দিয়ে ভালো করে ফেটিয়ে নিতে হবে ব্যাপারটা একটু ঘন করার জন্য সামান্য জল দিয়ে মিশ্রনটা বানিয়ে নিতে হবে।তারপর ম্যারিনেট করা চিকেন গুলো একটা একটা করে ময়দার ব্যাটারি ডুবিয়ে তারপর সাদা তেলে ভেজে নিলেই রেডি আমাদের বাটার ফ্রাই রেসিপি। সত্যি কথা বলতে নিজেকে রাধুনী রাধুনীর লাগছিল হাহাহাহা জানেন সবাই খুব খুশী হয়েছিল বিশেষ করে আমার ভাই। এছাড়া মাঝেমধ্যে বাড়িতে পাস্তা, ফুচকা,চাওমিন সবই বানিয়েছিলাম ঘরোয়া পদ্ধতিতে।

জানো এখন আর বারান্দায় বের হতে ইচ্ছা করে না। বারান্দায় বের হলেই সবাইকে দেখে মুখে মাক্স পড়ে রয়েছে তখন সেই covid এর মতো situation এর কথা মনে পড়ে যায়। তখন যেন আরো মন খারাপ হয়ে যায়। কিন্তু ভয় পেলে চলবে না।

মনের জোর টাইটা আসল কি বল? আমরা সবাই সাহসী আমরা সবাই সবকিছু জয় করে নেবো হ্যাঁ আমরা পারবো পারতেই হবে আমাদের। মনের ভয় সরিয়ে দিয়ে নতুনভাবে সঞ্চার ঘটাতেই হবে আমাদের। নতুন আলোয় নিজেদেরকে আলোকিত করে তুলতে হবে। নতুন প্রাণের সঞ্চার ঘটাতে হবে এই পরিস্থিতিতে সামলে আমরা সবাই এক হয়ে হাতে হাত মিলিয়ে কাঁধে কাঁধ মিলিয়ে নতুন পথের দিশারী হয়ে উঠবে। এটাই আমরা সবাই শপথ করি।

তাইতো বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম বলেছিলেন

ধ্বংস দেখে ভয় কেন তোর! প্রলয় নতুন সৃজনবেদন !

আসছে নবীন জীবন হারা অসুন্দরে করতে ছেদন।!

তাইতো এমন কেশেবে-প্রলয় বয়েও আসছে হেসে

মধুর হেসে,

গড়তে জানে সে চির সুন্দর,

তোমরা সব, জয়ধ্বনি কর তোরা সব, জয়ধ্বনিকর।

**Madhurima Das, Roll No– , Education General 4th Semester**

---

অতিমারীর কবলে

এখন সালটা ২০২০, বিশ্বজুড়ে চলেছে শুধু অনাহারে মৃত্যু। এতদিন শুধু শুনে আর পড়ে এসেছিলাম মহামারীর কথা আজ চোখের সামনে দেখতে পাচ্ছি মারণ ভাইরাসের ক্রিয়া। বিশ্বে শুধু এখন একটাই নাম Novel Corona virus,যার নেই কোনো ভ্যাকসিন। চিন দেশ থেকে আসা Corona virus বা Covid-19 কে বিশ্বের কোনো দেশ এখনও পর্যন্ত প্রতিরোধ করতে পারেনি।

বর্তমানে আক্রান্তের সংখ্যা বিশ্বে কোটি ছাড়িয়ে গেছে। বিশ্বস্বাস্থ্য সংস্থা এই Corona - র পরিস্থিতিকে অতিমারী ঘোষণা করেছে। আবালবৃদ্ধবনিতা আক্রান্ত হচ্ছে এই ভাইরাসে। তারিখটা ৩০শে জানুয়ারি ২০২০, আমাদের ভারতবর্ষের মানুষ প্রথম Corona virus এ আক্রান্ত হতে শুরু হল। বর্তমানে দেশে এই ভাইরাসের আক্রান্তের সংখ্যাটা প্রায় ১১লক্ষ ছাড়িয়েছে। মানুষ তার মানসিক বেদনাবোধের সঙ্গে করে চলছে Corona virus এর হাত থেকে 'বাঁচা-মরা' -র লড়াই। প্রত্যেক দিনে আক্রান্তদের সংখ্যাটা উর্ধ্বমুখী।


ডক্টর, নার্স, পুলিশ, সমাজসেবী, প্রশাসন প্রত্যেকের কপাল থেকে আজ ঘাম ঝরে পড়ছে এই মারণ ভাইরাসের হাত থেকে মানুষের প্রাণবাঁচানোর চেষ্টায়। হসপিটালে বেডের সংখ্যা এবং কনটেইনমেন্ট জোন ক্রমশ বেড়ে চলেছে। উচ্চবিত্ত থেকে শুরু করে নিম্নবিত্ত, প্রত্যেকের সারা দিনের সঙ্গী এখন মাস্ক, স্যানিটাইজার, গ্লাভস এবং সোশ্যাল ডিসটেন্স এখন অত্যাবশ্যকীয় হয়ে দাঁড়িয়েছে। মারণ ভাইরাসের জন্য আজ বিশ্বজুড়ে লকডাউনে গৃহ বন্দি হয়ে আছে সমস্ত মানুষজন। বিশ্বের Economic status down হয়ে পড়েছে। দেশবিদেশের অনেক পরিযায়ী শ্রমিকরা আজ কর্মহীন। ছোট ব্যবসাদার, দিন মজুরদের , গরীব মানুষদের হাহাকার চারিদিকে ছড়িয়ে পড়েছে।Corona virus-এ আক্রান্ত হয়ে মৃত্যুর সংখ্যাটা আমরা জানতে পারলেও, কতো জন মানুষ আজ উপার্জনহীন হয়ে অনাহারে মারা যাচ্ছে তার খবর আমরা কেউ জানি না। কারোর মুখে না আছে কোনো নালিশ না আছে প্রতিবাদ। দেশে আজ প্রায় চার মাস ধরে সমস্ত স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় গুলির গেটে তালা ঝুলছে। শিক্ষকেরা তাদের কঠোর পরিশ্রম ও চেষ্টা দিয়ে online class শুরু করলেও, কোথাও না কোথাও যেন সকল পড়ুয়াদের ভবিষ্যতে এক চরম ক্ষতির আশঙ্কা থেকেই যাচ্ছে।কিন্তু কিছু করার নেই, Corona virus এর জন্য আজ আমরা সবাই নিরুপায়! আমাদের এখন জীবনযাত্রার সাথে কম্প্রোমাইজ করেই চলতে হবে। জীবনযুদ্ধের লড়াইতে Corona আমাদের অনবরত শিক্ষা দিয়ে চলেছে। রোজকার ব্যস্ততার দিনে আমরা আমাদের পরিবারের সাথে সময় কাটানো প্রায় ভুলেই গিয়েছিলাম কিন্তু Corona virus এর জন্য আজ আমরা সবাই পরিবারকে সময় দিতে পারছি।

তবে প্রকৃতিগত দিক থেকে ভাবলে মানুষ প্রকৃতির সবচেয়ে বড়ো এবং প্রথম শত্রু । মানুষের ক্রিয়াকলাপের ফলে দিন দিন পরিবেশ দূষণের মাত্রা বিশ্বে বেড়েই চলেছিল , কিন্তু হাস্যকর বিষয় হল এটাই যে এই virus এর জন্য লকডাউনের জেরে সমস্ত যানবাহন এমনকি বেশিরভাগ বড় বড় কলকারখানা বন্ধ থাকায় একদিকে এই মারণ ভাইরাস মানুষের ক্ষতি করে চলেছে, অন্যদিকে এই ভাইরাসটি পরোক্ষভাবে প্রকৃতির দূষণের মাত্রাও কমিয়ে চলেছে। বর্তমানে দেশে Corona virus -এ আক্রান্ত হয়ে মৃত্যুর সংখ্যাটা প্রায় ২৮হাজার ছাড়িয়েছে । তবে স্বস্তির খবর এটাই যে রিকভার এর সংখ্যাটা মৃত্যুর তুলনায় বেশি। ভারতবর্ষের রিকভার এর সংখ্যাটা বর্তমানে প্রায় ৭ লক্ষ্য ছাড়িয়েছে। আজ দেশে প্রায় চার মাস লকডাউনের পর আমরা অনেকটা আশাবাদী হয়েছি , বিশ্বে বড়ো বড়ো গবেষণাকেন্দ্র থেকে গবেষকরা জানাচ্ছেন এই সালের আগস্ট - সেপ্টেম্বর এর মধ্যেই বাজারে এই মারণ ভাইরাসের ভ্যাকসিন চলে আসবে। ভারতবর্ষেও কোভ্যাকসিন নামক একটি ভ্যাকসিনের ট্রায়াল শুরু হয়েছে। আমাদের সকলের বিশ্বাস আমরা Corona virusকে লড়াইতে হারিয়ে, অতিমারীর কবল থেকে বেরিয়ে এসে আবার আগের মতো সুস্থ জীবনযাপন করব। তবে Corona virus ধ্বংস হয়ে গেলেও এই ভাইরাস ২০২০ সালে যে শিক্ষা আমাদের দিয়েছে তা আমাদের সারা জীবন মনে থাকবে।

পরিশেষে এটাই বলি যে আমার দেশে, বিশেষ করে আমার রাজ্যের স্বাস্থ্য দপ্তর এবং সমস্ত প্রশাসনিক দপ্তরের কর্মীরাযেভাবে অক্লান্ত পরিশ্রম করে চলেছেন তাঁদেরকে আমি কুর্নিশ জানাই।








Shreyasi Joardar, **Roll No– 2007, Education General 4th Semester**

# রামধনু

বেশ বৃষ্টি পড়ছে বাইরে। আজ বাবা নিজে হাতে চিকেন রান্না করেছে। অনেক দিন পর বাবার হাতের রান্না খাচ্ছি। সারাদিন অফিসের চক্করে বাবার দেখা পাওয়াও মুশকিল ছিল। আর যখনই বাবা বাড়ি ফিরতো মায়ের সাথে খুঁটিনাটি ঝগড়া লেগেই থাকত। কিন্তু বেশ কিছুদিন হল আর ঝগড়া হয় না ওদের। দুজনে মিলে বেশ গুছিয়ে নিয়েছে। বাবার কথা কি বা বলবে আমি নিজেই সময় দিতে পারতাম না। সকাল ১০টায় বেরোনো আর রাত ১০টায় ঘরে ফেরা। ঠিক করে কথা হতো না মায়ের সাথে। সম্পর্ক গুলো অবিচ্ছেদ্য হলেও কেমন যেন আলগা হয়ে যাচ্ছিল দিন দিন। তবে আজ বেশ কয়েক মাস হল, যে বাড়িতে থাকতেই ইচ্ছে হতো না সেটা বেশ ভালো লাগতে শুরু করেছে। সকালে একসাথে চা খাওয়া থেকে শুরু করে ডিনারের পর একসাথে লুডু খেলা সবই যেন ভালো লাগতে শুরু করেছে তবে, আমার ভালো লাগার অন্য জগৎ টা যেন হারিয়ে যাচ্ছে ক্রমশ।

সবে বৃষ্টি থেমেছে। বর্ণালী গুলি নিজের মতো করে আকাশটাকে রাঙিয়ে তুলেছে। বিকেলের মেঘ গুলো যেন লাল হয়ে উঠেছে তার মাঝখান থেকে উঁকি মারছে রামধনু। যদিও সচর আচার এই দৃশ্য দেখা যায় না। অস্বাভাবিক বললেও চলে। অবশ্য সবই অস্বাভাবিক আজকাল, অনেক হাসিখুশি পরিবার ও চাকরি হারিয়ে বেঁচে থাকার ব্যর্থ চেষ্টা চালাচ্ছে। সেদিনই খবরে দেখছিলাম একজন গায়িকা ফুটপাতে বসেছে কুকিজ, দুধ, পাউরুটির দোকান নিয়ে। বসতেই তো হতো কারণ তার পেশার অন্যতম শর্তই তো লোকসমাগম, আজ তা সম্ভব নয়। আজ কান পাতলেই শোনা যায় অ্যাম্বুলেন্সের সাইরেন, হয়তো আবার কেউ আক্রান্ত হল। এই অদৃশ্য যুদ্ধটা হয়তো আর রোগের বিরুদ্ধে নেই এখন সেটা দাঁড়িয়েছে রোগীর বিরুদ্ধে। সুস্থ হওয়ার পরও প্রতিদিন এক ঘরে করা হচ্ছে কয়েক হাজার মানুষকে। সেই সব যোদ্ধারাও একঘরে হচ্ছে যারা এই যুদ্ধের প্রধান সৈনিক, কারণ তাদের দোষ হল প্রতিদিন নিজের জীবন বিপন্ন করে তারা আমাদের প্রাণ বাঁচাচ্ছেন। এরই মধ্যে কত সম্পর্ক ভেঙে যাচ্ছে সেই পরিসংখ্যান হয়তো, আক্রান্ত মৃতের মত টিভির পর্দায় দেখাচ্ছে না। কত সম্পর্ক ভেঙে যাচ্ছে শুধু কথা হচ্ছে না বলে। কিছু সম্পর্ক এমনও ছিল যে গুলি বেঁচে ছিল কোচিন ক্লাসে, কিছু ছিল কলেজের রকে। হ্যাঁ সেগুলো আর নেই। আকাশে তাকিয়ে দেখলাম আলো কমে এসেছে, রামধনুটা আর নেই, একদল পাখি বাসায় ফিরছে তার নিজ গন্তব্যে। আমরাও ফিরব একদিন সেই স্বাভাবিক জীবনে আবার হয়তো সবঠিক হয়ে যাবে। কিন্তু কবে?

---

## *আন্তর্জাতিক বিশ্বে করোনা মহামারীর প্রকোপ*

**ভূমিকা** : বর্তমান বিশ্বের আমরা প্রত্যেকে শিকার এই ভয়ঙ্কর মহামারীর। এই মহামারীর প্রবল আঘাতে জর্জরিত, আতঙ্ক গোটা বিশ্ব সভ্যতার মানব জগৎ। আমরা কেউ এই অবস্থার জন্য সত্যি হয়তো প্রস্তুত ছিলাম না। এত বড় এত মানুষের প্রাণের বলি হয়ে চলেছে এই প্রবল মহামারী। দিনে দিনে এই মহামারী গ্রাস করে চলেছে সমগ্র পৃথিবীর এই মোহময় জগৎ সভ্যতাকে। এই মহামারী গ্রাস করেছে সমগ্র ইউরোপ সভ্যতাকে। অনেক বিজ্ঞানীরা মনে করেন এই মহামারীর উৎপত্তি হলো চীনের হুয়াং শহরে। কিছু বিশেষজ্ঞরা মনে করেন এই ভাইন মারণ উহান ভারন চীনে তৈরি করা হয়েছে জৈবিক অস্ত্র হিসেবে ব্যবহারের সুবাধে। ইতালি ইউরোপের একটি উল্লেখযোগ্য শহর হিসেবে বিবেচিত হলেও, আজ সমগ্র ইতালি শ্মশানে উঠেছে এই মরণ ভাইরাসের কবলে পড়ে। আমেরিকা যুক্তরাষ্ট্র বিশ্বের মধ্যে সবথেকে ক্ষমতাশালী (দেশ) হওয়া সত্বেও এই আমেরিকার বিভিন্ন শহর নিউইয়র্ক, ক্যালিফোর্নিয়া, ডেলোয়ার, ফিলাডেলফিয়া প্রভৃতি শহর সহ বিভিন্ন শহরের মানুষ আজ এই মরণ ভাইরাস এর কবলে, এছাড়া স্পেন জার্মানি ব্রিটেন ও এশিয়ার মধ্যে ইরাক ইরান সহ এবং সমগ্র ভারতের মানুষজন এই করোনা নামক মহামারীর কবলে পড়েছে। ভারতের মধ্যে সবথেকে বেশি আক্রান্ত আতঙ্কিত মহারাষ্ট্র, এরপর রয়েছে দিল্লি, গুজরাট সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে।

- 

### (আমাদের দেশে করোনা মহামারীর প্রকোপ)

→ ভারতবর্ষে আজকাল সমগ্র মানুষ ভীতি গ্রস্থ। তাদের মধ্যেও গ্রাস করেছে আতঙ্ক। বিভিন্ন রাজ্যের বিভিন্ন জেলা ও অঞ্চলগুলি কে বর্তমানে হস্পট হিসেবে চিহ্নিত করা হয়েছে। আমাদের প্রধানমন্ত্রী ' জনগণের স্বার্থে ' সমগ্র ভারত জুড়ে লকডাউন এর জন্য সমগ্র ভারতবাসীকে আহ্বান করেছেন। অনেক মানুষ দীর্ঘদিন যাবৎ হয়তো অনাহারে কিংবা অর্ধাহারে দিন কাটাচ্ছে। কোন মানুষের বাসস্থান নেই তারা ফুটপাতের ওপর শুয়ে, তারা তাদের জীবনকে অতিবাহিত করেছে। বর্তমানে ভারতে আক্রান্তের সংখ্যা হল (২৩,০৭৭) জন, সুস্থের সংখ্যা হল (৪,৭৪৩) জন এবং মৃতের সংখ্যা হল (৭১৮) জন । দেশের মধ্যে শুরু হয়েছে এক বিপুল মহামারীর প্রকোপ। দেশের অর্থনৈতিক অবস্থা ভেঙে পড়েছে। পশ্চিমবঙ্গের সমগ্র মোট আক্রান্তের সংখ্যা হল (৩০০) জন, (৭৯) জন সুস্থ হয়েছে এবং মারা গিয়েছেন (১৫) জন।

### (দেশের অর্থনৈতিক পরিস্থিতি ও সরকারের ভূমিকা)

→ করোনা মহামারীর প্রকোপে দেশের অর্থনীতি ব্যবস্থা ভেঙে পড়েছে। সরকার সাধারণ মানুষসহ গরীব শ্রেণি ও খেটে খাওয়া শ্রমিকদের জন্য বিভিন্ন প্রকল্প ঘোষণা করেছেন। রাজ্য সরকার বিনামূল্যে তিনমাস রেশন দেয়ার পরামর্শ দিয়েছেন। নার্স ও ডাক্তারের বিভিন্ন বিমার ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া সমস্ত পরিবহন ব্যবস্থা সমস্ত রূপে বন্ধ থাকার হেতু বিশেষত রেল,

বিমান, বাস ও বিভিন্ন পণ্য পরিবাহী গাড়ি এগুলি সম্পূর্ণভাবে বন্ধ থাকার কারণে রাজ্য সরকার এবং কেন্দ্র সরকারের বিপুল আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে। বিভিন্ন মেডিকেল রিসার্চ সংস্থা গুলিকে আর্থিকভাবে সাহায্য করে চলেছে সরকার, যাতে তারা দ্রুত এর প্রতিষেধক বের করতে সক্ষম হন। বিভিন্ন

কর্মসূচি গৃহীত হয়েছে শ্রমিক শ্রেণীকে সুরক্ষা প্রদানের জন্য, তাছাড়া গ্লাভস, স্যানিটাইজার, মাস্ক ও পিপিই এর প্রবল ভাবে চাহিদা বৃদ্ধি পেয়েছে, এই দুর্যোগপূর্ণ অবস্থার মোকাবিলার জন্য। যার জোরে সরকারকে প্রবলভাবে আর্থিক ব্যয় ঘটছে।

## (বিদেশের পরিস্থিতি এই করোনা মোকাবিলার জন্য)

→শুধু ভারত নয় ভারতের পাশাপাশি এশিয়ার বিভিন্ন দেশ ইরাক-ইরান, জাপান, চীন, পাকিস্তান, অস্ট্রেলিয়া, মালয়েশিয়া, বাংলাদেশ, মিশর সহ এশিয়ার ইউরোপের বিভিন্ন দেশ ও ইউরোপের মধ্যে আমেরিকা, স্পেন, ইতালি, ফ্রান্স, জার্মানি সহ বিভিন্ন দেশ (৪৫,৯২২) (৮৯,২৫০) (৫৭,৫৭৬) ও আফ্রিকার বিভিন্ন দেশ যেমন আলজেরিয়া দক্ষিণ আফ্রিকা মরক্কো নিজেরিয়া উত্তর আফ্রিকা (১৭৩) (death) (বিভিন্ন শহর) ও গ্রাম সহ এই সমগ্র বিশ্বের আক্রান্ত সংখ্যা (২,৭২৩,০৪৪) (confirmed)→(and) (সুস্থ হয়েছেন)→(৭,৪৪,৮১৯) ও মারা গিয়েছেন (১,৯০,৯১৯) জান, সুতরাং সংখ্যাটা কতটা বৃহত্তর তা দেখলেই বোঝা যায়। বিশ্বের বিশেষত ইতালি ও আমেরিকাতে দেখা যাচ্ছে মৃত্যু মিছিল। মানুষ মানুষকেই ভয় পেতে শুরু করেছে। যাতে একজন ব্যক্তি অপর ব্যক্তির থেকে সংক্রমিত না হয়ে যায়। সমগ্র বিশ্বে সৃষ্টি হয়েছে এক ধরনের অস্থিরতা ভয়াবহতা।

রাস্তায় মধ্যে পড়ে থাকছে মানুষের মৃতদেহ। তাদের তোলার জন্য কোন সঠিক লোক নেই।খাবারের পরিমাণ কমছে, বাণিজ্যিক ব্যবস্থা সমস্ত শিল্প প্রতিষ্ঠানগুলো ক্রমশ ভেঙে পড়েছে। মৃত্যুর সংখ্যা দিনের পর দিন বেড়েই চলেছে। কত মানুষ যারা দিনের পর দিন না খেয়ে দিন কাটাচ্ছি এই অনাহারের কারণ বশত সমগ্র বিশ্ব যেন পরিণত হয়েছে শ্মশানে। বিশ্বের অর্থনৈতিক অবস্থা সম্পূর্ণভাবে ভেঙে গেছে।

## (বিদেশের অর্থনৈতিক পরিস্থিতি এবং সামাজিক অবস্থা।)

ভারত সহ সমগ্র বিশ্বের অর্থনৈতিক অবস্থা সম্পূর্ণভাবে ভেঙে গেছে। অর্থনৈতিক বিমান পরিষেবা সম্পূর্ণভাবে বন্ধ। বিভিন্ন শেয়ার বাজারের দর ক্রমশ প্রবলভাবে কমতে শুরু করেছে। বাণিজ্যিক ক্ষেত্রে দেখা দিয়েছে মন্দা। আন্তর্জাতিক পণ্যবাহী জাহাজ চলাচল সম্পূর্ণভাবে বন্ধ। বিভিন্ন দেশের বিভিন্ন মেডিকেল গবেষণা কেন্দ্র তারা তাদের গবেষণা চালিয়ে যাচ্ছে। করন সঠিক ভ্যাকসিন বের করার জন্য।রাস্তাঘাটে মানুষ শুয়ে শুয়ে কাতরাচ্ছে। তাদের সেবা করার জন্য কেউ নেই। একদেশ অপর দেশে থেকে প্রয়োজনীয় বিভিন্ন ওষুধ ও বিভিন্ন সরঞ্জাম কেনা বেচা করছে। এই সময় সমগ্র বিশ্বে যেন এক বন্ধুত্বপূর্ণ সম্পর্ক স্থাপিত হয়েছে।

প্রত্যেকে বাড়িতে থাকার পরামর্শ দিয়েছে যাতে রোগের প্রাদুর্ভাব কমানো যায়। বিভিন্ন দেশের সরকার জনগণের স্বার্থের পূর্ণ সহযোগিতা করছে। তাদের বিভিন্নভাবে সাহস জোগানোর জন্য আশ্বাস দেওয়া হচ্ছে। এই সময় আন্তর্জাতিক স্বাস্থ্য সংস্থা বা বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) বিভিন্ন দেশ গুলিকে প্রয়োজন অনুসারে আর্থিক সাহায্য দান করছে। বিশ্বের প্রত্যেক জনগণের প্রয়োজনীয় সুবিধা ও অসুবিধার কথা চিন্তা করে প্রত্যেকটি দেশের সরকার বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে।

**(করোনা ভাইরাস কি কোথায় তার উৎপত্তি ও কিভাবে তা সংক্রমিত করে)--**

এর উৎপত্তি হয়েছে চিনের উহান শহরে এবং তারপর তা ছড়িয়ে পড়েছে সমগ্র বিশ্বে। করোনা ভাইরাসের উৎপত্তির আগে আরো বিভিন্ন ধরনের ভাইরাসের উৎপত্তি হয়েছে। (গত দুই দশক ধরে ইবোলা, প্লেগ, মার্স ইত্যাদি )বিভিন্ন ভাইরাসের প্রজাতি দেখা গেছে। প্রথমদিকে সাতটি মানুষের দেহে এই সংক্রমণগুলি লক্ষ্য করা যায়। সংক্রমিত হওয়ার কিছুদিন পর প্রথমে জ্বরও,শুকনো কাশি ইত্যাদির লক্ষণ দেখা যায় এবং তারপর তা ফুসফুসে ছড়িয়ে পড়ে। হাঁচি-কাশি কিংবা কথা বলার সময় বা শ্বাস নেওয়ার সময় এই রোগটি প্রবলভাবে একজনের দেহ থেকে অপর একজনের দেহে ছড়িয়ে পড়ে। এই রোগের জন্য এখনো পর্যন্ত কোনো সঠিক চিকিৎসা পদ্ধতি গড়ে ওঠেনি। তাই বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলেছে রাস্তায় না বার হতে ও সামাজিক দূরত্ব বজায় রাখতে এবং কোন প্রয়োজনে বাইরে বার হলে যাতে মাক্স (protection) অবশ্যই ব্যবহার করা হয় সেদিকে লক্ষ্য রাখতে।

**উপসংহার** ---

(আমাদের কর্তব্য সংহতি মূলক কর্তব্য) -

বর্তমান এই পরিস্থিতিতে আমাদের সর্তকতা অবলম্বন করতে হবে। সরকারি নির্দেশিকা সঠিক ভাবে পালন করতে হবে। আতঙ্কিত হওয়ার কোন প্রয়োজন নেই। সকলের সঙ্গে সহযোগিতামূলক সম্পর্ক স্থাপন করা দরকার। রাজনৈতিক,অর্থনৈতিক, সামাজিক ও ধর্মীয় ভেদাভেদ দূরে সরিয়ে প্রত্যেকের সঙ্গে সহযোগিতামূলক সম্পর্ক স্থাপন করা দরকার যাতে একে অপরকে আশ্বস্ত করতে পারি। পরিবারের সঙ্গে যাতে সহযোগিতামূলক সম্পর্ক স্থাপন করতে পারি সেদিকে লক্ষ্য রাখা দরকার। ডাক্তার নার্স সহ বিভিন্ন প্রশাসনিক কর্মচারী ও স্বাস্থ্য কর্মীদের যাতে সঠিকভাবে সহযোগিতা করতে পারি সেদিকে লক্ষ্য রাখা দরকার। আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই। শারীরিক ব্যায়াম, ছবি আঁকা,গান শোনা, বই পড়া ইত্যাদি বিষয়েগুলির সাথে নিজেদেরকে যুক্ত করে প্রত্যেকে যাতে ভালো থাকি এই দিকে লক্ষ্য রাখা দরকার।

পরিশেষে এই কামনা করি সবাই সুস্থ থাকুন ভালো থাকুন এবং পরিবারের সকলের সঙ্গে আনন্দ উপভোগ করুন।

Saptak Saha, **Roll No– 602, Education General 2nd Semester**

## লকডাউন ও আমার কথা

নমস্কার আমি অরিজিৎ নস্কর এই লকডাউন সম্পর্কে দু-চার কথা  নিজের ভাষায় লিখছি। প্রথমত লকডাউন মানেই মানুষ গৃহবন্দী। আর গৃহবন্দির মধ্যে থাকতে থাকতে আমরা সবাই একেবারে ঘরের কোণঠাসা হয়ে যাচ্ছে ক্রমশ। কিন্তু এই  গৃহবন্দিতা হয়তো পৃথীবির সুস্থতার মূল চাবিকাঠি।  কিন্তু আমাদের পৃথিবীর প্রায় অনেক মানুষের কাছেই এই গৃহবন্দিতা অনাহারের কারণ হয়ে দাঁড়িয়েছে। যারা প্রত্যেকদিন দুমুঠো অন্নের জন্য মাথার ঘাম পায়ে ফেলে কঠোর পরিশ্রম করে সেই সকল মানুষদের যে এই পরিস্থিতিতে কি অবস্থা হচ্ছে তা ভাবলেই আমার গা শিউরে ওঠে। জানিনা কবে যে এই মরণ রোগ থেকে আমরা সবাই পরিত্রান পাব, প্রত্যেকদিন ঈশ্বরের কাছে একটাই প্রার্থনা জানাচ্ছি. কবে সুস্থ হবে এই পৃথিবী! শুধু আমি নই গোটা পৃথিবীর মানুষ এই প্রার্থনাই জানাচ্ছে ঈশ্বরের কাছে। প্রত্যেকদিন বিভিন্ন সোশ্যাল মিডিয়া ও দূরদর্শন খুললেই একই খবর - আজ এত জন মানুষ করোনা আক্রান্ত। হ্যাঁ, হয়ত তার মধ্যে সুস্থ হয়েছে কিছু মানুষ, কিন্তু যতটা না সুস্থ হয়েছে তার দ্বিগুণ পরিমাণে আক্রান্ত হচ্ছে । আমার কাছে এই পরিস্থিতি খুবই ভয়ানক এবং আশঙ্কাজনক । আর এই গৃহবন্দিতার ফলে মানুষ অতিরিক্ত পরিমাণে মোবাইলের প্রতি আকৃষ্ট হয়ে পড়ছে। যার ফলে মানুষের শরীরে বেশি পরিমাণে রোগ বাসা বাঁধছে। আর এই যন্ত্রের দুনিয়ার মধ্যে গভীরভাবে আচ্ছন্ন হওয়া মানুষগুলো যেন খেলাধুলা, শরীরচর্চা বই পড়া, লেখা এই সমস্ত বিষয় গুলো থেকে ক্রমশ দূরে চলে যাচ্ছে। আমিও প্রতিদিন কিছু না কিছু কাজের মাধ্যমে সময় অতিবাহিত করছি। আমি খুব আঁকতে ভালোবাসি। তাই মাঝে মধ্যেই বিভিন্ন রকম ছবি আঁকছি। সত্যি কথা বলতে মোবাইল যেভাবে মানুষকে আকৃষ্ট করে ফেলছে, তার ফলে অন্য কোন কাজের প্রতি আমাদের অগ্রহটাই হারিয়ে যাচ্ছে। সবশেষে, একটাই কথা বলতে চাই এবং ঈশ্বরের কাছে একটাই প্রার্থনা করি- সবাই যেন সুস্থ থাকে, ভালো থাকে এবং সবাইকে ভালো রাখে। আমরা সকলেই চাই, পৃথিবী আবার সুস্থ হয়ে উঠুক ও মুক্ত হোক এই মরণ রোগ থেকে।

**Arijt Naskar, Roll No– 128 , Education General 2nd Semester**

## আমার lockdown কাহিনী।

lockdown এই শব্দটি এর আগে কখনো শুনিনি আর আজ এই  অজানা শব্দটির সাথে দিন কাটাতে হচ্ছে তাও শুধু বাইরের দেশ থেকে ভেসে আসা অজানা ভাইরাস "করোনা" এটি এখন একটি ক্ষতিকারক রোগে পরিণত হয়েছে। 2020 যখন এই নতুন বছরটি এলো তখন ঠিক আমিও সবার মত ভেবেছিলাম যে এই বছরটিতে এই করবো  ওই করবো আরো না জানি নানা প্ল্যান। বছরটিও ভালো করে শুরু হল ঠিকই এর আগে চলে যাওয়া বছরগুলির মতনই। January মাস খুব ভালো মতো করে কেটে গেল কিন্তু February মাস শুরু হতেই আস্তে আস্তে ধরা পড়তে লাগল আমাদের দেশের "করোনা" আক্রান্ত মানুষ। 22শে মার্চ দিনটা ছিল রবিবার। খবরে জারি হলো কার্ফু হবে মানে সবকিছু বন্ধ, আর আমি ঠিক তৎক্ষণাৎসন্ধের ট্রেন ধরে কলকাতা ছেড়ে কোচবিহার (আমার বাড়ি) ছুট  দিলাম। ঠিক আবার ওই দিন বিকেলেই খবরে  দেখালো lockdown শুরু হবে তারপর দিন থেকে মানে 23 শে মার্চ থেকে।

শুরু হয়ে গেল lockdown আর এদিকে বাড়তে থাকল করোনা আক্রান্তের সংখ্যা, এর সঙ্গে বাড়তে থাকলো আক্রান্তদের সাথে সাথে মৃত্যুর সংখ্যা আর সাথে সাথে বাড়তে থাকল লকডাউনের দিন সংখ্যাও। আর ঠিক এর সাথে সাথেই বহু পড়ুয়া ভিনদেশে পড়ে থাকল। শ্রমিক, পর্যটক যারা না খেতে পেয়ে, ঠিকমত থাকতে না পেরে

অকালে মরে যেতে শুরু করল। আর ছটফট করতে শুরু করলো বাড়ি ফিরে আসার জন্য। এই পরিস্থিতি দেখে তাদের বাড়ি ফিরিয়ে দেওয়ার জন্য অনেক উচ্চপদস্থ মানুষেরা ব্যবস্থা করে দেন।

এবার আমি আমার কথা বলি। যারা আমার মত বাড়ি ফিরে এসেছে বা যারা নিজেদের বাড়িতেই থাকে তারা, আমরা খুব আনন্দ করছি সবাই। প্রতিদিনের মতো পড়ুয়াদের স্কুলে যাওয়া কলেজে যাওয়া চাকরিজীবীদের চাকরিতে যাওয়া অফিস যাওয়া এই সমস্ত ব্যস্ত জীবনের মধ্যে আজকে কোনটাই নেই এখন শুধুমাত্র পরিবারের সাথে চলেছে খুনসুটি আনন্দ খাওয়া-দাওয়া ভালোবাসা। এতদিন ধরে সময় না দিতে পারা সেই সময়গুলো এখন সব একসাথে, একে অপরকে আরো ভালো করে জানা, একসাথে মিলে মিশে কাজ করা, আরো অনেক বেশি রসিকতা আনন্দ আড্ডা এবং একে অপরের সুখের দুঃখের কথাগুলো একসঙ্গে করে নিয়ে সব যেন মিলেমিশে একাকার হয়ে গেছে। বাচ্চাদের আর না থাকলে কোন পড়াশোনার চাপ, না থাকলে পড়ুয়াদের কলেজ এবং চাকরিজীবীদের ব্যস্ত সেই জীবন এর মধ্যেই হঠাৎ একদিন কলেজ থেকে নোটিস এল, অনলাইন ক্লাস হবে। অফ কি বিরক্তিকর মনে হল, যেন এত সুন্দর ছুটি কাটাচ্ছিলাম তার মাঝে আবার সে কলেজের চাপ। চাকরিজীবী তাদেরও আস্তে আস্তে শুরু হয়ে গেল work from home এর কাজ।

দিনগুলো বেশ ভালই কাটছিল, খুব মজার কিন্তু এরপর lockdown দিন সংখ্যা বাড়ার সাথে সাথে শুরু হতে লাগলো financial crisis. সবাই বুঝতে পারল no work no money. কিন্তু কাজ হবে কিভাবে! lockdown তো দিনকে দিন বেড়েই চলেছে রাস্তায় বেরোনো যাবেনা কারণ খুব কড়াকড়ি ভাবে পুলিশরা নিজেদের duty পালন করছেন। রাস্তায় বেরোলে পুলিশ পেটাচ্ছে, কারণ রাস্তায় বেরোলে একে অপরের সাথে মিশলেই করোনার ভয় থাকছে। বাইরে থেকে আসা সেই মালবাহী গাড়ি গুলো বন্ধ করে দিয়েছে যে গাড়িগুলো করে আমাদের দৈনন্দিন জীবনের জিনিসগুলো আসছিল। দিনের পর দিন এর জন্য জিনিসের দাম বাড়িয়ে যাচ্ছিল দোকানদারেরা। সব মিলিয়ে চারদিকে যেন অনেক problem আর এই সমস্যার মধ্যে দিয়েই দিনগুলো কাটাতে হচ্ছে। হয়তো জীবনে কেউ কোনদিনও ভাবিনি এমন কিছু সাথে আমাদের লড়াই করতে হতে পারে। এর সাথে school college এর পড়াশোনা গুলো ঠিক কোথাও যেন অস্পষ্ট হয়ে যাচ্ছে যা হয়তো আমরা বুঝতেও পারছিনা যে আমাদের ভবিষ্যৎ কোথায় গিয়ে ঠেকবে। সবথেকে কষ্ট লাগে, lockdown এর জন্য সবকিছু বন্ধ হয়ে যাওয়াতে টাকাপয়সা না আসায় না খেতে পেয়ে সবাই মরছে। রাস্তার কুকুরগুলো যারা হাফ টুকরো বিস্কুটের শান্তি পেয়ে যেত তারাও যেন আজকে যতসামান্য খাবারটুকু পাচ্ছে না।

তবে এখন অনেক. committee থেকে এই মহামারীকে পর্যবেক্ষণ করে কিছু একটা ব্যবস্থা করে দেওয়ার চেষ্টা চালাচ্ছেন তারা। বিজ্ঞানীরা চেষ্টা চালিয়ে যাচ্ছে এর শেষটা খোঁজার জন্য। আশা করা যাচ্ছে কিছু দিনের মধ্যেই এই রোগের vaccine বেরিয়ে যাবে। প্রত্যেকটা মানুষ ঘরে ঘরে ঈশ্বরের কাছে এই প্রার্থনা করে যাচ্ছে যে আমাদের পৃথিবী যেন খুব তাড়াতাড়ি সুস্থ হয়ে ওঠে আর আমরা সবাই যেন আমাদের সেই পুরনো জীবনটাকে নতুন করে ফেরত পেয়ে যাই। ধন্যবাদ জানাই আমি প্রত্যেকটি পুলিশকর্মী এবং প্রতিটি Medical Centre এর কর্মীদের অক্লান্ত পরিশ্রমের জন্য।

**Neha Pramanik, Roll No– 867 , Education General 2nd Semester**

## করোনা সম্পর্কে আমার মতামত

বিশ্বের প্রকৃতি তার আপন ছন্দে গড়ে তুলেছে এই বিশ্বকে। প্রতিটি জিনিসের মধ্যে রয়েছে তার আপন হাতের ছোঁয়া। কিন্তু যখন এই সুন্দর ভুবনে মহাপ্রলয় শুরু হয় তখন তা সৃষ্টিকে ছারখার করে দেয় নিমেষে। বন্যা, ঝড়, সুনামির মত বিভিন্ন দেশে একটি রোগ আজ ছেয়ে ফেলেছে সারা বিশ্বকে। ছোট, বড় কেউই এর হাত থেকে পরিত্রান পাচ্ছেনা। রোগটির নাম "করোনা"। শ্বাসকষ্ট জনিত রোগে বয়স্ক, শিশুরা বেশি সংক্রামিত হচ্ছে। এছাড়াও আরও অন্যান্য রোগ তাদের দেহে থাকে আগে এই রোগটি বাতাসে ছড়াতো না, কিন্তু এখন এই রোগটি বাতাসে ছড়ায়। এছাড়াও মানুষের সংস্পর্শে ও তার নিঃশ্বাস প্রশ্বাসে। তাই আজ মানুষ তার মুখমন্ডল আবৃত করেছে মাস্কের মাধ্যমে এই রোগের কোনো প্রতিষেধক এখনো আবিষ্কার হয়নি। সারা দেশের বিজ্ঞানীরা আজ এর প্রতিষেধক আবিষ্কারে ব্যাস্ত।এই রোগের সংক্রমণ একমাত্র প্রতিরোধ করা যায় গৃহে বন্দি হয়ে। কিন্তু কর্মচঞ্চল মানুষ বেশিদিন একভাবে গৃহে বন্দি হয়ে থাকতে পারেনা। নিত্য প্রয়োজনীয় জিনিস সংগ্রহের জন্য বাইরে বেরোতেই হয়।তাই দোকান বাজারে মানুষের জমায়েত বেশি হয়। তার প্রভাবে সেখান থেকে স্পর্শ বা নিঃশ্বাসের মাধ্যমে রোগটি ছড়িয়ে পড়ে। যতই মাস্ক ব্যাবহার করি না কেন প্রতিদিন আক্রান্তের সংখ্যা বেড়েই চলছে। প্রতিদিন খবর চালালেই এখন একটিই খবর - 24 ঘন্টায় কত জন আক্রান্ত হলো আর কতজন সুস্থ হলো। গৃহবন্দি মানুষের যেমন জীবন একঘেয়ে হয়েছে তেমনি আবার বহু রোগের সৃষ্টি হয়েছে শরীরে। যানবাহন বন্ধ আর মানুষের চলাচল বন্ধ, তাই পরিবেশ অনেকটাই নির্মল হয়েছে, দূষণ কমেছে এই ছয় মাসে। একঘেয়েমি দূর করার জন্য, হাতের কাজ, আঁকা এবং বর্তমানের এই  মোবাইল ইন্টারনেটের দুনিয়ায় মানুষ তার সময় কাটাচ্ছে। অবশেষে, ভগবানের কাছে আমার একটাই কামনা পৃথিবী আবার পূর্বাবস্থায় ফিরে যাক।

**Shyam Routh, Roll No– 860 , Education General 2nd Semester**

## লক ডাউনে আমার গল্প

সবার মত আমিও ভেবেছিলাম, 2020 তে আমি অনেক কিছু করবো যা 2019 এ আমি করতে পারিনি। 1st জানুয়ারি আমিও অনেক মজা করে বছরটা শুরু করেছিলাম। প্রথম দুটো মাস খুব ভালোই গেলো, মার্চ মাসে শুনলাম এই ভাইরাসের নাম। কিন্তু তখনও ভাবিনি যে এটা আমাদের জীবন বদলে দেবে। দেখতে দেখতে সারা বিশ্বে কেমন শোরগোল পরে গেল। হটাৎ একদিন news এ দেখলাম এই ভাইরাস আমাদের রাজ্যেও তার থাবা ফেলেছে। সবকিছু যেন বদলে গেলো, চেনা জিনিসগুলো অচেনা হতে শুরু করলো। এক এক করে সবকিছু বন্ধ হয়ে গেল। প্রথম প্রথম আমরা বুঝতে পারিনি যে এত কষ্ট হবে, কারণ আমাদের joint family। চার ভাইয়ের একসাথে বেশ মজা করেই দিন কেটে যাচ্ছিলো। তারপর এই লকডাউনের মধ্যেই এলো আমফান ঝড়। তার থাবায়ও সবার কম বেশি ক্ষতি হলো. লকডাউনে আমাদের কলেজে online class শুরু হয়েছিলো, ঝড়ের পর সেটাও কিছুদিনের জন্য বন্ধ হয়ে গেলো। কলেজের বন্ধুদের সাথে যোগাযোগও এখন অত হয়না। কারণ প্রত্যেক মাসে ফোনে ইন্টারনেট ভরার টাকা আমার কাছে নেই। এখন বুঝতে পারি, শহরের আগের রূপটাই অনেক ভালো ছিলো। কিন্তু এটা কোনো ব্যাপার না, 2020 তে এটা শুরু হয়েছিলো 2020 তেই এটা শেষ হবে। এই সময় যারা নিজেদের সবকিছু ছেড়ে দিন রাত আমাদের জন্য পরিশ্রম করছে, তাদের ভোলা উচিত না।

**Akash Auddya, Roll No– 874 , Education General 2nd Semester**

# PHOTOGRAPHY




মায়ের মুখই দেখাবে নতুন আলোর দিশা.




লকডাউন, জীবন থেমে থাকে কি?




সন্ধেটা আর জমজমাট নেই




সন্ধ্যে নামে মাঝরাত্তিরের শূন্যতা নিয়ে

Indranil Rudra, **Roll No–128 , Education General 4th Semester**




আবার হবে খোলা আকাশের নিচে জমজমাটি আড্ডা




নতুন আশা




মেঘের পিছনেই আশার আলো




প্রাণের সঞ্চার

Anupam , **Roll No-401,Education General 2nd Semester**






যে ব্যাস্ত স্টেশনে রোজ যাতায়াত করতাম, ভিড়ে বিরক্ত হতাম, আজ .....




ভিক্টরিয়া মেমোরিয়াল হল..  আজ একাই ...





বর্ষা শেষে আকাশ কিন্তু আগের মতোই রঙিন

আমফান পরবর্তী ধ্বংসের মোকাবিলায়





পুজো আসবে, কলকাতাও ছন্দে ফেরার চেষ্টায়.. হোর্ডিং এসে গেছে / অন্ধকার কাটিয়ে উঠবই



এটা আমাদের ক্লাস ঘরের জানালার বাইরের ছবি।

বড্ড প্রিয়।। খুব তাড়াতাড়ি আবার জানালার বাইরে তাকিয়ে দেখবো আর ক্লাস করবো

**Koustab Manna, Roll No- , Education Hons 4th Semester**

## *অতিমারীতে আমাদের জীবন ও পঠন পাঠন*

*অধ্যাপিকা ডালিয়া প্রামানিক*

*(শিক্ষা বিভাগ)*

দিনটা ছিল যতদূর মনে পড়ে 12ই ফেব্রুয়ারি 2020। একটা পড়াশোনা সংক্রান্ত ব্যাপারে সায়েন্স কলেজে কয়েকদিন যাতায়াত করতে হয়েছিল। তখন হঠাৎ Google new এ খবর দেখলাম - "উহান প্রদেশে লকডাউন" এবং করোনা ভাইরাসের নামটাও তখনই জানলাম। এরপর কর্মব্যস্ততায় যথারীতি ঘটনাটা ভুলে গেছিলাম। দুই সপ্তাহ পর নিজের কর্মক্ষেত্রে ক্ষুদিরাম বোস সেন্ট্রল কলেজে ফিরে এলাম ও যথারীতি রোজকার ক্লাস ও সংশ্লিষ্ট কাজে ব্যস্ত হয়ে পড়লাম।

মার্চ মাসের শুরু থেকে বিশ্বের বিভিন্ন স্থানের করোনা ভাইরাসে আক্রান্ত এবং মৃত্যুর দুঃসংবাদ আসতে শুরু করল। অবশেষে 23শে মার্চ থেকে ভারত সরকার সারা দেশে লকডাউন ঘোষণা করলেন। আমার মত বেশির ভাগ সাধারণ মানুষ ভেবে ছিল এই গৃহবন্দি অবস্থায় সাময়িক আবার আমরা দ্রুত কর্মক্ষেত্র, স্কুল, কলেজ - যে যার স্বাভাবিক অবস্থায় ফিরবো। কিন্তু এই ভয়াবহ মহামারীর নৃসংশ চরিত্র আমরা ভাবতেও পারিনি।

আমরা শিক্ষকেরা সমবেত ভাবে সিদ্ধান্ত নিলাম যে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকলেও আমরা Online এ পঠন পাঠন চালু রাখবো। সেই অনুযায়ী আমরা যে যেমন ভাবে পারি Online class চালু করে দিলাম। WhatsApp, Facebook, Video calling, Audio Recording, Google Classroom, Conference Call আরও বিভিন্ন মাধ্যমে পড়াশোনা চলতে লাগল। আমাদের ছাত্রছাত্রীরাও শিখল Online মাধ্যম গুলোর নতুন ব্যবহার। আর আমরাও, বিশেষ করে আমি শিখলাম এই নতুন মাধ্যম গুলির সাহায্যে কি ভাবে আমার ছাত্রছাত্রীদের কোনো বিষয়কে কি ভাবে বোঝানো যায়, আরও ভালভাবে উপস্থাপন করা যায়, পরীক্ষা নেওয়া যায় ইত্যাদি।

নিজের শেখা আমার ছাত্রছাত্রীদের শেখানো, দুটোই চলতে থাকল একই সঙ্গে। নিত্যনতুন মাধ্যম ব্যবহার করতেও বেশ ভালো লাগলো, কিন্তু সংঘাত বাংলা চিরাচরিত অভ্যাসে - সামনে থেকে ছাত্রছাত্রীদের পড়ানো, ব্ল্যাকবোর্ডে লেখা, বই দেখিয়ে বলে দেওয়া, খাতা দেখা ইত্যাদির মতো শত শত আজন্মলালিত করে আসা আমার কাজ গুলি না করতে পারায় বড় নিঃসঙ্গ এবং অসহায় মনে হয়। ছাত্রছাত্রীরা যতই বড় হোক না কেন তারা যে সন্তানসম, তাদের সামনে থেকে দেখার মত আনন্দ কি আর তথাকথিত Online Class পাওয়া যায়। Online Class তো আধুনিক প্রযুক্তির অত্যাধুনিক রূপ। কিন্তু আমার মনে হয় প্রযুক্তি কি আমাদের সন্তানসম ছাত্রছাত্রীদের মনকে স্পর্শ করিয়ে দিতে পারে? তাই খেদ মতে তো রয়েই গেছে। কবে শেষ হবে মারণ ভাইরাসের ভয়ানক আক্রমণ?

ইতিহাস কি বলে জানিনা, আমি আমার জন্মের এই ক্ষুদ্র পরিসরে এত বড় ভাইরাস আক্রমণ সারা বিশ্ব জুড়ে এর আগে কখনও ঘটেছে কিনা তা আমি জানি না। বিশেষজ্ঞদের মতামত অবশ্য স্বীকার্য। কিন্তু আমার এই মধ্যবয়স্কা জীবনে এমন ঘটনা কখনো শুনিনি। যাইহোক কোন কিছুরই নিয়ন্ত্রা আমরা নই। আমরা কেবলমাত্র ঘটনার সাক্ষ্য মাত্র। তবে আমার মনে হয় এই ভয়ানক ঘটনার ফলে আমরা হয়তো কিছু অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার হঠাৎ শিখে ফেললাম। এত তাড়াহুড়ো করে এসব আধুনিক প্রযুক্তির ব্যবহার শিখলাম ঠিকই, কিন্তু সেই সঙ্গে চলে গেল লক্ষ লক্ষ প্রাণ।

যাই হোক আমরা সকলে একসঙ্গে বহু চেষ্টায় সক্রিয় রাখতে চেষ্টা করলাম পঠন-পাঠন। বিজ্ঞানের সাহায্যে সক্রিয় এই পঠন পাঠন পদ্ধতি থেকে বঞ্চিত রইল বহু শিক্ষার্থী। তার কারণ বহুবিধ। তবে স্বল্প পরিসরে বলতে পারি - একদিকে প্রযুক্তির অপ্রতুলতা, যেমন প্রত্যন্ত অঞ্চলে অতি দ্রুত গতির Internet এর অভাব। আবার আর্থিক কারণে সকল ছাত্র-ছাত্রী নিকট ল্যাপটপ স্মার্টফোন ইত্যাদির অনুপস্থিতি। আর্থিক সঙ্গতি আমাদের সকলের সমান নয় তাই ফলত অধরা প্রযুক্তিনির্ভর পঠন পাঠন। সত্যি কথা বলতে গেলে এই অতিমারীতে যখন আমাদের জীবন-জীবিকা অনিশ্চিত, স্বয়ং ব্যক্তি স্বাস্থ্য যেখানে সংকটাপন্ন, সেখানে পঠন-পাঠন যে, যেকোনো কারণে বিঘ্নিত হতে পারে তা বলাই বাহুল্য। যাই হোক আমাদের সকলের আন্তরিক চেষ্টা আজও অব্যাহত। আমরা সকলে এখন বড়ই একা, নিরুপায়, অসহায় - এই হল নির্মম সত্য। এই অবস্থা শেষ কবে তা আমরা জানি না। কিন্তু আমাদের মনের শক্তিকে বজায় রাখতে হবে। আমাদের মনে রাখতে হবে আমরা যুদ্ধ করছি। তাই যুদ্ধ জয় করতেই হবে। আমাদের সামনে এগিয়ে যেতেই হবে। ঈশ্বর পরিশ্রমী, নিষ্ঠাবান, সাহসীদের সঙ্গে সব সময় বিরাজ করেন। আমাদের সকলকে প্রার্থনা করতে হবে। সাধারণ স্বাস্থ্যকর নিয়মাবলী গুলি মেনে চলতে হবে। শরীর ও মনের যত্ন নিতে হবে। সাহায্য প্রার্থীকে সাহায্য করতে হবে। বাড়ির গণ্ডির মধ্যে থেকে পঠন-পাঠন করতে হবে। আমরা সবাই মিলে একত্রে দূর থেকে একে অপরকে সাহায্য করতে থাকলে আমরা আশা করি একদিন ভাইরাসমুক্ত পৃথিবীর দেখা আমরা আবার পাবো। আমাদের লক্ষ্য স্থির রাখতে হবে। আস্থা রাখতে হবে।

## ***পৃথিবীর আজ গভীর অসুখ***

-

আজ পৃথিবীর গভীর অসুখ,
মুখ ঢেকেছে মাস্কে।।
অজানা এক অসুখ তারে,
জড়িয়ে ধরেছে আষ্টেপিষ্টে।।
প্রতিষেধক অধরা আজও,
ঔষধ ও অজানা।।
জানিনা মোরা বাঁচবো কেমনে,
এই রোগ যে অচেনা।।
ডাক্তাররা জীবন বাজি রেখে,
লড়ছে প্রাণপণ।।
তারাই যে আজ প্রকৃত হিরো,
রাজনীতিকরা নন।।

এই লড়াই যে ভীষণ কঠিন,
বুঝছি মোরা পদে পদে।।
সচেতনতাই একমাত্র পথ,
এই লড়াই জিততে হলে।।
করোনাকে হারাবো মোরা,
করি অঙ্গীকার।।
মনের মধ্যে শক্তি আনো,
ভয় পেওনা আবার।।
পৃথিবীও সেরে উঠবে,
স্বাভাবিক হবে সবকিছু একদিন।।
আগের মত কলেজ যাব,
ক্লাস হবে প্রতিদিন।।

***Santu Kar***

**(Teacher, Department of EducationDown**

অতিমারী ও আমি

শিউলি বিশ্বাস অধিকারী

"অতিমারী" শব্দটি "মহামারী"র থেকেও ভয়ঙ্কর। আমাদের দেশ আগেও অনেক মহামারী দেখেছে কিন্তু স্বাধীনতার পর বোধকরি অতিমারী এই প্রথম। ছোটবেলায় মায়ের কাছে গল্প শুনেছি পক্স উঠেছিল সেবার মায়ের গ্রামে, মা তখন ছোট, ঘরে ঘরে পক্স, কোনো না কোনো বাড়িতে রোজই কেউ না কেউ মারা যাচ্ছে, আমার মায়ের পরেই মায়ের ছোট এক ভাই ছিল, যে সেসময় মারা গিয়েছিলো। আমার এক মামার সারা মুখে পক্সের দাগ , সে ভালো হয়ে গিয়েছিলো কিন্তু মহামারীর স্মৃতি তার সারা গায়ে মুখে। তারপর ছোটবেলার 'লালু' গল্পে... কলেরায় গ্রামের পর গ্রাম খালি হয়ে যাচ্ছিলো, মড়া পড়ানোর লোকও ছিলো না। আর আজও তাই। করোনায় মৃত ব্যাক্তির দেহ সৎকারের কেউ নেই। চেন্নাইতে এক ডাক্তারবাবু মারা গেলেন করোনায়, তিনি করোনার চিকিৎসা করছিলেন। তার মৃত্যুর পর তার বন্ধু কোনোমতে তার মৃতদেহের সৎকার করেন।

করোনা এসে আমাদের জীবনের ছন্দ কে একেবারে ওলটপালট করে দিয়েছে। আমরা যে ছোট ছোট জিনিসগুলো এতদিন দেখতে পাইনি মোটে, সেই জিনিসগুলো যে আজ কত দামি, কত মূল্যবান , ওই ছোট ছোট জিনিসে যে আমরা কত আনন্দ আসলেই পাই, তা বুঝলাম এখন। সকালে কলেজে ঢুকতাম রোজ হন্ত দন্ত হয়ে, তারপর রাজুদার দেওয়া এক কাপ চা, তারপর ক্লাস। আগে 45 মিনিটের ক্লাস ছিলো, এখন 1 ঘন্টার... তাও এক নিঃশ্বাসে যেন সময় শেষ হয়ে যায়। আমি আমার ছেলেমেয়েদের বকি, ধমকাই, হাসি, গল্প করি, পড়াই। একটা প্রাণ ... এক বুক শান্তি । তারপর হাজারো কাজে কলেজে সময় চোখের পলকে কেটে যায়। 15 মিনিটের টিফিন এখন । ক্লাস শেষ করে এসে 15 মিনিটে অতি দ্রুত টিফিন খেয়ে আবার ক্লাসে যাওয়া আমাদের সকলের, তার মাঝেই আমাদের গল্প, অট্টহাসি।

আজ এত গুলো মাস আমি জোরে হাসিনি। প্রতি মুহূর্তে মনে পরে আমাদের A3 তে এডুকেশনের ঘরটা। আমরা কেউ নোংরা করিনা, নিজেরাই পরিষ্কার রাখি। কি শান্তি।। আমাদের teachers room । চেয়ার।। কিছুদিন আগে কন্যাশ্রীর কাজে কলেজে গেলাম। আমার Locker এর তালা আর হুক টায় মরচে ধরে গেছে। খানিক সময় তাকিয়ে রইলাম ওটার দিকে, ওরা হয়তো ওদের ব্যাথাটা এভাবেই বোঝালো।

কিন্তু এইসময় এরকমভাবে দীর্ঘদিন চলতে পারেনা। আমরা এই দুর্যোগ কাটিয়ে উঠবই। আগেও যত মহামারী, অতিমারী এসেছে, আমরা তা কাটিয়ে উঠেছি। এবারেও নিশ্চই পারবো। তবে আশার আলো এই যে, একটু সাবধানে থাকলেই এই ভয়ঙ্কর রোগ থেকে আমরা বাঁচতে পারি। বার বার হাত ধোব, মুখে মাস্ক পড়তে হবে, বাড়ির বাইরে গেলেই। পরিষ্কার পরিচ্ছন্ন থাকবো সবসময়। বয়স্কদের একটু বেশি খেয়াল রাখবো।

আরেকটা ভালো দিক ও আছে, পরিবারের সঙ্গে সময় কাটানো। মা বাবাকে পেয়ে ছোট বা বড় ছেলেমেয়ে সকলেরই সমান আনন্দ। ছোট ছোট বাচ্ছারা ছবি আঁকছে, গান গাইছে, নাচ করছে.. এগুলো এই লকডাউনের বিষণ্ণতাকে অনেকটাই কাটিয়ে তুলেছে।

**(P.T.O)**

## **Down to Memory Lane – Wall Magazine Publishing Ceremony (Session 2018-19)**

